

ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ (টিসিবি)  
প্রধান কার্যালয়  
১, কাওরান বাজার, ঢাকা।  
[www.tcb@tcb.gov.bd](http://www.tcb@tcb.gov.bd)

গণশুনানির নোটিশ

স্মারক নম্বরঃ ২৬.০৫.২৬.৯০.০৫.০০৬.১১৫.১৮/৮৫৫


তারিখঃ ২৫ জুন ২০১৮ খ্রিঃ

বিষয়ঃ ২৬ জুন ২০১৮ তারিখ রোজ মঙ্গলবার টিসিবি'র সেবা গ্রহীতা/অংশীজনের সমস্যা ও সমাধান সংক্রান্ত বিষয়ে গণশুনানিতে অংশগ্রহণ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ (টিসিবি) এর চেয়ারম্যান অথবা তাঁহার মনোনীত কর্মকর্তাগণ ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ (টিসিবি) এর কার্যক্রম সম্পর্কে অবহতিকরণ এবং টিসিবি'র সেবা গ্রহীতা/অংশীজনের সমস্যা ও সমাধান সংক্রান্ত বিষয়ে গণশুনানি গ্রহণ করবেন। শুনানিকালে সেবা গ্রহীতা/অংশীজনের সমস্যা ও সমাধান অবহতিকরণ এবং এর প্রতিকারমূলক বিভিন্ন ব্যবস্থা সম্পর্কে আলাচনা করা হবে। এর পাশাপাশি সেবা গ্রহীতা/অংশীজনের সমস্যা ও সমাধানের জন্য কার নিকট অভিযোগ দায়ের করতে হবে সে বিষয়ে পরামর্শ প্রদান করা হবে। এছাড়াও শুনানিতে উপস্থিত ব্যবসায়ী ও সেবা গ্রহীতার পরামর্শ/অভিযোগ এবং কোন প্রশ্ন জিজ্ঞাসা থাকলে তার ব্যাখ্যা প্রদানসহ তাৎক্ষণিকভাবে অভিযোগ গ্রহণ করা হবে।

আগামী ২৬-০৬-২০১৮ তারিখ রোজ মঙ্গলবার দুপুর ২:০০ ঘটিকা হতে ৩:০০ ঘটিকা পর্যন্ত (প্রয়োজনে সময় বর্ধিত হতে পারে) ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ (টিসিবি) এর প্রধান কার্যালয়ের সম্মেলন কক্ষে এই গণশুনানি অনুষ্ঠিত হবে।

এমতাবস্থায়, আপনাকে উক্ত গণশুনানিতে অংশগ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

  
(মোঃ জাসিম উদ্দিন)

উপ-সচিব (প্রশাসন)

ফোনঃ ০১৭৬২-৫০২৪২৪

ই-মেইলঃ [tcbsecretary@tcb.gov.bd](mailto:tcbsecretary@tcb.gov.bd)

প্রাপক

স্বত্বাধিকারী/ম্যানেজার,

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। চেয়ারম্যান, টিসিবি, ঢাকা।
- ২। পরিচালক (প্রশাসন ও অর্থ), টিসিবি, ঢাকা।
- ৩। মন্ত্রীর একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৪। প্রধান কর্মকর্তা (সিএমএস ও বিওবি/বাণিজ্যিক/অর্থ ও হিসাব), টিসিবি, ঢাকা।
- ৫। নির্বাহী প্রকৌশলী, টিসিবি, ঢাকা।
- ৬। সকল কর্মকর্তা/কর্মচারীগণ, টিসিবি, ঢাকা।
- ৭। প্রটোকল অফিসার, টিসিবি, ঢাকা (নির্ধারিত তারিখে ও সময়ে সংস্থার সভাকক্ষে গণশুনানির জন্য প্রস্তুতকরণ ও ৪০ জন অংশগ্রহণকারীর আপ্যায়নের ব্যবস্থা অনুরোধসহ)।